বুদ্ধদেবের চার আৰ্য্য সত্য ঠিক মত ভাল-ভাবে উপলব্ধ হইলে, তৃষ্ণাই জগৎসংসারের সর্ব দুঃখের মূল আকর, এবং তৃষ্ণা ও আমিত্ব-ভাব ত্যাগ করিতে পারিলেই যে শান্তিলাভ হইবে, তাহার উপলব্ধি হইবে। তখন আমরা অন্ধের মত আর বিপথগামী না হইয়া জীবনের যথার্থ লক্ষ্যের দিকে পৌঁছবার চেষ্টা করিব। এই জন্ম এই চারি আৰ্য্য-সত্যের ভাল-রূপ উপলব্ধির বিশেষ আবশ্যিক।

বুদ্ধদেবের অষ্টাঙ্গ-মার্গের অন্তর্গত সম্যক্ দৃষ্টির একটি প্রধান অর্থ এই, যে তাঁহার চার আৰ্য্য-সত্য বিষয়ে সম্যক্ দৃষ্টি দ্বারা উহাদের সত্যতা ভাল রূপে উপলব্ধি করা ও বিশ্বাস করা। ইহা ঠিক উপলব্ধি হইলে, আর আমরা বিপথগামী না হইয়া ঠিক পথে অর্থাৎ নির্বাণমুক্তির পথে চলিব। আমাদের লক্ষ্য তখন স্থির হইবে ও তখন আমরা প্রকৃত ধর্মের পথে নূতন আদর্শে, নূতন পবিত্র হাঁচে জীবনকে গড়িয়া পিটিয়া তৈয়ারী করিব ও তজ্জন্ম সম্যক্ সঙ্কল্পের সহিত জাগ্রত হইয়া সম্যক্ প্রচেষ্টার সহিত ঐ পথে অগ্রসর হইব।

চার ধ্যান

বুদ্ধদেব নির্ঝাণ-মুক্তিলাভের জন্য চারধ্যান অভ্যাসের ব্যবস্থা করিয়াছেন। যথা :— (১) উপেক্ষা, (২) মৈত্রী, (৩) করুণা, (৪) মুদিতা। বুদ্ধের সিদ্ধিলাভ সম্বন্ধে “ললিতবিস্তর” গ্রন্থে যে অপূর্ব আখ্যান রহিয়াছে, তাহাতে বুদ্ধদেবের মুখে উক্ত হইয়াছে— “উপেক্ষা ভাবনা-বলে জয়লাভ করিয়া আমি এই অমৃত-রসপান করিয়াছি।” “মৈত্রীবলে জয়লাভ করিয়া আমি অমৃত-রস পান করিয়াছি।” “করুণাবলে জয়লাভ করিয়া আমি এই অমৃত-রসপান করিয়াছি।” “মুদিতাবলে জয়লাভ করিয়া আমি অমৃত-রস পান করিয়াছি।” “জ্ঞানপ্রদীপরূপ কঠিন বজ্রের দ্বারা আমি অবিদ্যাকে (অজ্ঞানকে) ছেদন করিয়াছি।” অর্থাৎ বুদ্ধদেব (১) উপেক্ষা, (২) মৈত্রী, (৩) করুণা ও (৪) মুদিতা ভাবনা দ্বারা বা ঐ সব ভাবের ধ্যানে তন্ময় হইয়া, জয়লাভ করিয়া অর্থাৎ ষড়রিপু প্রভৃতি জয় করিয়া অমৃত-রস (ব্রহ্মরস) লাভ করিয়াছেন ; এবং অবিদ্যা বা অজ্ঞানের বিরুদ্ধে ঘোরতর সংগ্রাম দ্বারা জ্ঞান-প্রদীপ বা প্রজ্ঞা (*divine wisdom*) লাভ করিয়া অবিদ্যা ছেদন করিয়াছেন। এইরূপ ধ্যানে তন্ময় হইয়া সমাধি লাভ করিয়া অমৃত-রস (*divine love*), প্রজ্ঞা (*divine wisdom*) ও সার সত্য (*God, the Truth*) উপলব্ধি করিয়াছেন। তিনি সর্বজীবের কল্যাণে সম্পূর্ণ আত্মোৎসর্গ করিয়া সকল আসক্তি, আকাঙ্ক্ষা, আমিত্ব, অহঙ্কারাদির ক্ষয় করিয়া, নির্ঝাপন করিয়া, এই সব ধ্যানে সমাধিলাভ করিয়া সম্যক্ সম্বুদ্ধ বা সংসিদ্ধ হইয়াছিলেন।

প্রাচীন কালের হিন্দু মতেও এই উপেক্ষা, মৈত্রী, করুণা ও মুদিতা ভাবে আশ্রয় করিয়া সাধন করার ব্যবস্থা ছিল। যারা নিজ সমতুল্য ব্যক্তি তাদের প্রতি মৈত্রী বা প্রীতি এবং দুঃস্থ, বিপন্ন, পীড়িত ও অভাবগ্রস্ত ব্যক্তির প্রতি করুণা-ভাব, নিজ হইতে উচ্চাবস্থার ব্যক্তির প্রতি ও কাহারও উন্নতিদর্শনে তৎপ্রতি মুদিতা বা প্রসন্নতা-ভাব, এবং দুষ্ট ব্যক্তির প্রতি উপেক্ষা, পাপে উপেক্ষা, ভোগৈশ্বর্য্য বিযয়ানন্দাদিতে উপেক্ষা-ভাব পোষণ করিয়া সাধনের ব্যবস্থা ছিল ; কিন্তু বুদ্ধদেব এই সব ভাবের বিশেষ অনুশীলন, বৃদ্ধি ও ঐ ভাবের ধ্যানে তন্ময় হইয়া চিত্তের পবিত্রীকরণের ব্যবস্থা করিয়াছেন। বৌদ্ধ মতে অন্যান্য প্রকার ধ্যানও আছে, কিন্তু এই চার ধ্যানই প্রধান।

(১) উপেক্ষা ধ্যান

উপেক্ষা—তীব্র উদাসীনতা বা বৈরাগ্য ; ভোগৈশ্বর্য্য, ক্ষমতা ইত্যাদি লাভে তীব্র ঔদাস্য বা উপেক্ষা-ভাব অবলম্বন। উপেক্ষা ধ্যান—ইহাতে কতকটা বিবেকযুক্ত তীব্র বৈরাগ্যের সাধনা। উপেক্ষা বা তীব্র উদাসীনতা ও অমনোযোগের দ্বারাই সংসারের যাবতীয় ভোগ্য-বিষয়ে আসক্তি ও আকাঙ্ক্ষার বন্ধন, দেবাদির বন্ধন এবং আমাদের আমিত্ব-ভাবের বন্ধন অনেকটা শিথিল হইয়া যায় এবং এই উপায় দ্বারাই ক্রমশঃ উহাদের উপর জয়লাভ করা যায়।

গীতার পঞ্চদশ অধ্যায়ের প্রথমে ভগবান যাহা উপদেশ করিয়াছেন, তার তাৎপর্য্য এই :-—এই অশ্বখ-রূপী সংসারে বাসনা, আসক্তি প্রভৃতির বন্ধনে জীবগণ স্ফূটভাবে বদ্ধ আছে। এই সব বন্ধন হইতে উদ্ধারের জন্য অসঙ্গ অস্ত্র দ্বারা উহার দৃঢ়মূল বন্ধন দৃঢ়তার সহিত ছেদন করিবে, এবং যে সনাতন আদি পুরুষ হইতে সমস্ত প্রবৃত্তি প্রসৃত হইয়াছে,

তাঁহারই শরণ লইবে, তবে কৃতকার্য হইবে। অর্থাৎ অসঙ্গ এবং শরণাগত ভক্তি, এই দুই উপায় অবলম্বন দ্বারা এই সংসারের আসক্তি-তৃষ্ণাদির বন্ধন ছেদন করিয়া মুক্ত হওয়া যায়। (গীতা ১৫ অ ৩৪) গীতায় আরও বলিয়াছেন—
অনন্ত ভক্তিদ্বারা ত্রিগুণের মায়া অতিক্রম করা যায়। (১৪।২৩)
অসঙ্গ উপায় দ্বারা এবং ভক্তি, শ্রীতি, মৈত্রী, করুণা প্রভৃতি
সাত্ত্বিক ভাবের প্রবাহ মনে সদা আনিতে পারিলে, রাজসিক
ভাবের মায়া অর্থাৎ আমাদের আমিত্ব, আসক্তি, তৃষ্ণাদির
বন্ধন ছেদন বা অতিক্রম করা যায়।

অসঙ্গ মানে তীব্র ঔদাস্য বা বৈরাগ্য ও সঙ্গ না করা; অর্থাৎ
বিষয়ের সঙ্গ ও বিষয়ের চিন্তা আলোচনাদির সঙ্গ না করা। এই উপায়
দৃঢ়ভাবে অবলম্বন করিয়াই আমিত্ব, তৃষ্ণা, আসক্তি ও ঘেঁষাদির বন্ধন
ছেদন করিয়া মুক্ত হইতে হইবে এবং সাত্ত্বিক-ভাবের প্রবাহ মনে
আনিয়া উহাকে পবিত্র করিতে হইবে। তাই বুদ্ধদেব উপেক্ষা, মৈত্রী,
মুদিতা ও করুণা ধ্যানের ব্যবস্থা করিয়াছেন।

কিন্তু এই বৈরাগ্য-লাভ কিরূপে হয় ?

(১) ভগবানে অনুরাগের বৃদ্ধি হইতে বিষয়ে বৈরাগ্য আসে।
অথবা মনে কোন সাত্ত্বিক ভাবের অধিক প্রবাহ হইতে বিষয়ে বৈরাগ্য
আসে। গাঢ় ভক্তি, প্রেম বা বিশ্বপ্ৰাবনী করুণা ও মৈত্রীর প্রবাহ
মনে আনিতে পারিলে বিষয়-বৈরাগ্য বা উপেক্ষাভাব আসে। এ জন্য
ভক্তি, করুণা, মৈত্রীর খুব অনুশীলন চাই।

(২) অথবা বিষয়তৃষ্ণা ও বিষয়ভোগে অশেষ দোষ-দর্শনে সমর্থ
হইলে, বিষয়ে আসক্তির পরিবর্তে বৈরাগ্য আসিবে। সম্যক দৃষ্টি ও

বিবেকযুক্ত বিচারের সাহায্যে বিষয়ানন্দ যে অতি তুচ্ছ, ক্ষণস্থায়ী, অতৃপ্তিকর ও পরিণামে উহা বিবিধ দুঃখ আনয়ন করে এবং ভোগতৃষ্ণার জন্মই পৃথিবীতে পুনরাগমন করিয়া বহু দুঃখ ভোগ করিতে হয়, এই সব সম্যক উপলব্ধি হইলে মনে বিষয়ে আসক্তির পরিবর্তে বৈরাগ্য আসিবে। বিবেক-যুক্ত বিচার—যথা, ভোগ, ঐশ্বর্য, ক্ষমতার আকাঙ্ক্ষা বা তৃষ্ণাই বন্ধন, উহাদের প্রতি আসক্তিই বন্ধন। দ্বেষভাবও বন্ধন। এই সব বন্ধনের জন্মই জীব সংসারে পুনরাগমন করে ও বিবিধ দুঃখ ভোগ করে। ইহারাই আধ্যাত্মিক উন্নতির অন্তরায়। অথচ ইহা হইতে যে আনন্দ হয় তাহা অল্পকালস্থায়ী, ইহা মানবকে যথেষ্ট তৃপ্তি দান করিতে পারে না। ইহা হইতে মহত্তর আনন্দলাভের জন্ম চেষ্টা কর, ভোগাদিতে উদাসীন হও, উপেক্ষা কর। ভোগ্য বিষয়ের সঙ্গ হইতে উহাতে আসক্তি জন্মায়, অতএব উহার সঙ্গ করিও না। ভোগবাসনা চিত্তকে ক্ষুদ্র করে, সঙ্কীর্ণ করে, স্বার্থপর করে, ইহা রিক্ত-বন্ধমুষ্টির গায় ফাঁকি, ইহা মরীচিকার গায় মানবকে প্রতারিত করিয়া পরিণামে বহু দুঃখ ও বিপদ আনয়ন করে ও ইহাই জীবের পুনর্জন্মের কারণ ; এবং ইহাই আমাদের ভগবানের মহাদান গ্রহণ করিবার অনুপযোগী করে ও নির্বাণলাভের প্রতিবন্ধকতা করে। অতএব বিষয়ভোগে ও বিষয়ানন্দে উদাসীন হও, উপেক্ষা কর। বিবেকের সাহায্যে এইরূপ বিচারপরায়ণ হইয়া মনকে এইরূপ বুঝাইবে ও মনকে ভোগবিমুখ ও বিষয়ে উদাসীন করিবে। বুদ্ধদেব উপদেশ দিয়াছেন :—“হে সাধক, তোমার আত্মতৃপ্তির চেষ্টা বা তৃষ্ণার অনুসরণ কি তোমাকে যথেষ্ট আনন্দ দান করিয়াছে ? তুমি কোন্ বস্তুলাভের জন্ম সংগ্রাম করিতেছ ? স্বাস্থ্য, সম্পদ, সুখ, শান্তি, শক্তি, সাফল্য, খ্যাতি হয়ত তোমার আকাঙ্ক্ষিত বিষয় হইবে ! কিন্তু ইহারা কি তোমাকে শাস্ত আনন্দ দান করিতে

পারে? জরা ও ব্যাধি তোমার স্বাস্থ্যের বিনাশসাধনের জন্ম যুদ্ধ করিতেছে। সম্পদ, ভোগসুখ, সাফল্য, খ্যাতি কিছুতেই তোমাকে বিমল আনন্দ প্রদান করিতে পারে না, যদি মনে শান্তি লাভ না হয়। (এই সকল হইতে যে সুখলাভ হয়, তাহা সামান্য মাত্র। ইহা হইতে মহত্তর সুখ ও শান্তির জন্ম তুমি সচেष्ट হও)। স্বীয় আমিত্বতৃপ্তির তৃষ্ণাকাজ্ছাদির উপেক্ষা করিয়া, বিসর্জন দিয়া, নিজের ক্ষুদ্র সুখভোগের বন্ধন ও তৃষ্ণাগুলি ছিন্ন করিয়া, নিজের ক্ষুদ্র সত্তা ভুলিয়া, বিশ্বের বিরাট সত্তার মধ্যে নিজের মনকে, নিজের সত্তাকে সমর্পণ করিতে পারিলে, বিশ্বের কল্যাণে নিজের মনকে নিয়োজিত করিতে পারিলে, তখন মন যে আনন্দ ও শান্তি লাভ করিবে, তাহা কত গভীর, কত পরিপূর্ণ, কত অনন্তপ্রসারী।”

মনুষ্টিগণ মায়িক বিষয়ভোগে আসক্তি, তৃষ্ণা এবং বিষয়ভোগে অশেষ আনন্দ বা তৃপ্তি লাভ হয়, এইরূপ একটা সংস্কারে (impression) বা ধারণায় বদ্ধ আছে। এই সংস্কারের জন্ম বিষয়ানন্দ-লাভই তাহাদের প্রধান লক্ষ্য হয় ও বিষয়তৃষ্ণা ত্যাগ করিতে তাহারা ইচ্ছুক হয় না। এই আমিত্ব-তৃপ্তির তৃষ্ণা, বিষয়াসক্তি ও ঐরূপ সংস্কারে বদ্ধ থাকায় মানুষ প্রকৃত আধ্যাত্মিক উন্নতি সাধন করিতে সমর্থ হয় না। কিন্তু ক্রমে তাহার অনুভব হয়, যে বাসনা আছে বলিয়াই তাকে সংসারে ধাক্কা খাইতে হইতেছে। বাসনাত্যাগ হইলেই শান্তি হয়। বিবেকযুক্ত বিচার ও বিচারপূর্বক সঙ্গত ভোগের দ্বারা ভোগে দোষদর্শনে সমর্থ হইলে, ভোগবাসনার মোহ ক্রমে শিথিল হয় ও মনে বৈরাগ্য আসে। তখন ভোগে উদাসীনতা, অমনোযোগ ও অসঙ্গ উপায়দ্বারা বাসনা আসক্তির বন্ধন ছেদন করিতে সমর্থ হইবে। বিবেকযুক্ত বিচারের দ্বারা আমাদের মনকে বুঝাইতে হইবে, যে ভোগজনিত সংস্কারটা কতকটা ভ্রান্ত ধারণা মাত্র এবং বিষয়ানন্দে অনেক দোষ

আছে। বিষয়ের উপভোগে আকাঙ্ক্ষার যথেষ্ট তৃপ্তি না হইয়া বরং ক্রমশঃ বৃদ্ধি হয় অথচ ইহা মরীচিকা-তুল্য; কারণ, পরিণামে ভোগতৃষ্ণাই জীবের বিবিধ দুঃখের কারণ হয়। এই ভোগতৃষ্ণার জগ্ৰহী মানব কৰ্ম-বন্ধনে আবদ্ধ হইয়া পৃথিবীতে পুনঃ পুনঃ আগমন করিয়া বিবিধ দুঃখ ভোগ করে। ইহা মানব-মনকে সঙ্কীর্ণ ও স্বার্থপর করে। ভোগ হইতে যে সুখ হয়, তাহা অতি সামান্য; কিন্তু কল্পনা দ্বারা ইহা মুগ্ধকারী বলিয়া মনে হয়। কল্পনা ত্যাগ করিয়া ইহাকে সম্যকদৃষ্টি দ্বারা দেখিলেই বিষয়ের রূপ যে ক্ষণভঙ্গুর ও পরিবর্তনশীল এবং তৃষ্ণাই যে অশেষ দুঃখের কারণ ও বিষয়ানন্দ যে অতি সামান্য ও পরিণামে দুঃখ আনয়ন করে, তাহা উপলব্ধি হইবে। যখন মানব-মন হইতে যাবতীয় তৃষ্ণার ত্যাগ বা লোপ হয়, তখন মন অধিক আনন্দ-রসে পূর্ণ হইয়া যায়। অতএব এই তুচ্ছ মরীচিকা-তুল্য বিষয়ানন্দকে উপেক্ষা ও ত্যাগ করিয়া উচ্চতর আনন্দলাভের জগ্ৰহী ও আত্মার প্রকৃত উন্নতির জগ্ৰহী চেষ্টিত হওয়াই উচিত। এইরূপ বিচারের সাহায্যে মনে বৈরাগ্য আসিলে, তখন মনকে ঘুরাইতে সমর্থ হইবে। তখন ভোগ-বিষয়ে অমনোযোগ ও অসঙ্গ উপায় দ্বারা বিষয়াসক্তি ও তৃষ্ণার বন্ধন শিথিল করিতে ও ছেদন করিতে সমর্থ হইবে। তুচ্ছ বিষয়ানন্দে অমনোযোগ ও উপেক্ষা পূর্বক উচ্চতর বিষয়ে পূর্ণ মনোযোগ দিয়া, তাহাতেই মনকে সদা তন্ময় ও নিযুক্ত রাখিতে পারিলে, মন আর তখন বিচলিত হইবে না। মনে উচ্চ ভাবের প্রবাহ সদা দিয়া, তাহাতেই তন্ময় হইয়া থাকিলে, মন আর তখন নিয়গামী হইবে না। ব্রহ্মে বা জীব-হিতসাধনরূপ কোন ব্রহ্মকর্মে বা কোনরূপ সংসঙ্গে মনকে সর্বদা সম্পূর্ণ নিযুক্ত ও তন্ময় রাখিতে পারিলে মনের প্রচ্ছন্ন বিষয়াসক্তি ও তৃষ্ণা উচ্ছেদ ও জয় করিতে সমর্থ হইবে।

“সঙ্গাৎ সঞ্জায়তে কামঃ।” (গীতা ২য় অ। ৬২) অর্থাৎ সঙ্গ হইতেই মনে আসক্তি ও কামনার উৎপত্তি হয়। বিষয়সঙ্গই কামনাগ্নির উদ্দীপক কারণ বা exciting cause ও মনের প্রচ্ছন্ন ভোগতৃষ্ণাই predisposing cause বা মূল কারণ। মানবমনে প্রচ্ছন্ন ভোগ-তৃষ্ণাগ্নি রহিয়াছে। ভোগ্য বিষয়ের সঙ্গ বা বিষয়ের কল্পনা আলোচনার সঙ্গ হইলেই মনের এই প্রচ্ছন্ন তৃষ্ণাগ্নি উদ্দীপিত হয়; এই সঙ্গই ইন্ধন-স্বরূপ হইয়া কামনাগ্নি উদ্দীপিত করে। বিষয়ের কল্পনা ও আলোচনায় ভোগ্য বিষয়ের কাল্পনিক মূর্তি মনে সৃষ্ট হয়, ও তাহাতে মন একেবারে সেই রঙ্গে রঙ্গাইয়া যায়। যখন এইরূপ বিষয়ের সঙ্গ ও বিষয়ের কল্পনা আলোচনার সঙ্গ-রূপ ইন্ধন পাইলে মনে কামনাগ্নি বিশেষভাবে উদ্দীপিত হয়, মন বিষয়ের সঙ্গ ও বিষয়ের কল্পনা আলোচনার সঙ্গ-রূপ ইন্ধন দেওয়া দৃঢ়তার সহিত বন্ধ করিয়া অর্থাৎ অসঙ্গ উপায় দ্বারা মনের কামনাগ্নি নির্ঝাপিত করিবে।* ইহাই উপায়। এই জন্ম তৃষ্ণা জয় করিতে হইলে মায়ারূপ বিষয়ের ও বিষয়-কল্পনা আলোচনার সঙ্গ অবশ্যই বর্জনীয়। এই জন্মই সন্ন্যাসিগণ ভোগ্য বিষয় হইতে নিরাপদে দূরে থাকিয়া সাধনাদি করেন। মনের প্রচ্ছন্ন ভোগাসক্তি ও তৃষ্ণা সহজে যায় না। নামসাধন অভ্যাস ও অসঙ্গ এবং সাত্ত্বিক বৃত্তির অধিক প্রবাহ মনে আনিয়া মনের ঐ তৃষ্ণার বীজ নষ্ট করিতে হইবে।

বুদ্ধদেব বলিয়াছেন—তোমার তৃষ্ণার মূল উৎপাটন করিতেই হইবে। মূল সম্পূর্ণ উৎপাটিত না হইলে বৃক্ষ যেমন পুনর্বার অঙ্কুরিত হয়, তেমনি তৃষ্ণার মূল উৎপাটিত না হইলে উহা পুনরায় অঙ্কুরিত হইবে ও তার ফলে দুঃখরূপ ফল আসিবেই। যতদিন তোমার এই অহংবোধ থাকিবে, ততদিন তৃষ্ণার মূল থাকিবেই। ততদিন তুমি স্বীয় ক্ষুদ্র আমিত্বের

* ইহাই গুরু মহারাজ শ্রীশ্রী বালানন্দ স্বামীজির উপদেশ।

তৃপ্তিসাধনে, প্রাতি-সাধনে আকাঙ্ক্ষিত থাকিবেই। তুমি তোমার ক্ষুদ্র আমিত্ব বা ব্যক্তিত্বের মধ্যে উর্গনাভের গায় ক্ষুদ্র জাল রচনা করিয়া তাহার মধ্যে নিজকে আবদ্ধ রাখিয়াছ, মণ্ডকের গায় কূপকেই সর্বস্ব মনে করিতেছ। একবার এই কূপ হইতে উর্দ্ধে উঠিলে, (আমিত্বের বাহিরে উঠিলে) অনন্ত ব্রহ্মাণ্ড প্রত্যক্ষগোচর হইবে। তুমি উঠ, জাগ্রত হও, স্বার্থ পরিত্যাগ করিয়া পরার্থে জাগ্রত হও। ক্ষুদ্র (আমি-ভাব) ত্যাগ করিয়া বিরাটকে গ্রহণ কর। আপনার মধ্যে আপনাকে অন্বেষণ না করিয়া, সর্বজীবে সর্বভূতের মধ্যে আপনার বৃহৎ মূর্ত্তি প্রত্যক্ষ কর। আপনার ক্ষুদ্র সত্তা সম্পূর্ণ বিসর্জন দিয়া বিশ্বের বিরাট সত্তাতে আপনাকে সম্পূর্ণ সমর্পণ কর ও তাহাতেই অবস্থান কর ; বিশ্বজীবের প্রীতিতে, বিশ্বজীবের হিতে, বিশ্বের কল্যাণের জন্ত আত্মসমর্পণ কর। তোমার প্রীতিকে বাধাহীন সীমাহীন করিয়া, সর্বকালে, সর্বদেশে, সর্বজীবে প্রসারিত কর। নিজের ক্ষুদ্র আমিত্বতৃপ্তির আকাঙ্ক্ষাদি, স্বার্থকামনাদি ও বিষয়ে উদাসীন হইয়া, উপেক্ষা করিয়া বিশ্বজীবের কল্যাণের জন্ত আত্মসমর্পণ কর ও তাহাতেই সর্বদা নিযুক্ত থাক ; তোমার বাধাশূন্য, বৈরীশূন্য মৈত্রী ও করুণা সর্বজীবে সদা প্রেরণ কর। (এইরূপ) উপায়ে তুমি ইহজীবনেই স্বীয় বিরাট সত্তা অনুভব করিতে পার; ইহাই তোমার শ্রেষ্ঠ গৌরব। তুমি স্বয়ং আপনার প্রদীপ-স্বরূপ হইয়া, আত্মশক্তি জাগ্রত করিয়া, তাহাদ্বারা এই চরম কল্যাণ লাভ করিতে পার, ইহাই তোমার পরম গৌরব। যেই দিন এই বিমল বোধি লাভ করিয়া তুমি ধন্য হইবে, সেই দিন তোমার স্বার্থ বিশ্বজনের স্বার্থ হইবে ; সেই দিন তোমার কল্যাণে বিশ্ববাসীর কল্যাণ হইবে। এই মহাসত্য অনুভব করিয়া বৌদ্ধ সাধুগণ নিজের সুখ দুঃখ, আনন্দ নিরানন্দ, এমনকি মৃত্যু পর্য্যন্ত বিষয়ে উদাসীন হইয়া, অগ্রাহ্য ও উপেক্ষা করিয়া

অকুণ্ঠিতচিত্তে সৰ্বভূতের মঙ্গলসাধন জন্ম আপনাদিগকে সম্পূর্ণ অর্পণ
• করিয়া থাকেন ও তাহাতেই নিযুক্ত থাকেন ।

বুদ্ধদেব বলিয়াছেন, “যতদিন আমিত্ত্ববোধ থাকিবে, ততদিন সে
তার আমিত্ত্বতৃপ্তির আকাঙ্ক্ষার জন্ম লালায়িত থাকিবেই । যতদিন
আমিত্ত্বজ্ঞান দূর না হয়, ততদিন ইহ-লোকের ও পর-লোকের সুখ-
ভোগের প্রতি তাহার মনের আকর্ষণ থাকে, ততদিন তাহার তপশ্চর্যা
কতকটা পণ্ড্রম মাত্র । এই আমিত্ত্বজ্ঞান বা স্বতন্ত্র সত্তানুভূতি মানবের
একটি ভ্রান্ত ধারণা । ইহা একটি সাময়িক অবস্থা (Passing
phase) মাত্র । মনুষ্যজীবন যতদিন থাকে, ততদিন এই সাময়িক
অবস্থা বা মানুষের একটা নিজের স্বতন্ত্রভাব ও স্বতন্ত্র অস্তিত্ব-
সংস্কার থাকে । কিন্তু মনুষ্যজীবনের উদ্ধে উঠিলে (অর্থাৎ নির্বাণলাভ
হইলে, মনুষ্যজীবন পার হইয়া যখন আমাদের দেবহলাভ বা দেবজীবন
আরম্ভ হয়) তখনই এই ভ্রান্ত ধারণা বা খণ্ডজ্ঞান ও সাময়িক স্বতন্ত্র
অবস্থা (Passing phase of separate individual existence)
লুপ্ত হইয়া যায় ও ঐ খণ্ডজ্ঞানের লোপ হইয়া প্রকৃত পরাজ্ঞান হয় ।
তখন আমরা বুঝিতে পারি, আমাদের কোন স্বতন্ত্র সত্তাই নাই;
সকল জীবাআই বিশ্বব্যাপ্ত পরমাত্মার অংশ মাত্র । সৰ্বভূতে অখণ্ড-
চৈতন্যরূপে পরমাত্মা ক্রিয়া করিতেছেন ও এইরূপে সৰ্ব জীবজগৎকে
কোন মহত্বদেগনিদ্দিষ্ট পথে ক্রমে ধীরে ধীরে চালিত করিতেছেন ।*
এই প্রপঞ্চ বহির্জগৎ তাঁহার মায়াশৃষ্ট বহিরাবরণ মাত্র । যিনি এই
স্বতন্ত্র আমিত্ত্ব-বুদ্ধি ও আমিত্ত্বজ্ঞান জয় করিয়া তদূর্দ্ধে উঠিয়াছেন, তিনি

* ইন্দ্রঃ সৰ্বভূতানাং হৃদ্যেশেহজ্জুন তিষ্ঠতি ।

ব্রাময়ন্ সৰ্বভূতানি যন্তারূঢ়ানি মায়ায়া ॥ গীতা ১৮।।৬১

স্বর্গ কিম্বা মর্ত্যের কোন সুখভোগই কামনা করেন না। এই আমিত্ব হইতেই আমাদের যাবতীয় তৃষ্ণা, আসক্তি, আকাঙ্ক্ষা ও ঘেঘাদির উদ্ভব হয়। এই ভ্রান্ত আমিত্ব-বোধকেই শাস্ত্রে মোহ বা অবিদ্যা বলিয়াছে। ইহাকেই নির্ঝাপিত করিতে হইবে। এই আমিত্বের নির্ঝাণ হইলেই সকল তৃষ্ণার নির্ঝাণ হয়, আবার সকল তৃষ্ণার নির্ঝাণ হইলেও এই আমিত্বের নির্ঝাণ হয়।

বৌদ্ধধর্মের মূল মন্ত্র এইরূপ—নিজের ক্ষুদ্র আমিত্ব ও আমিত্বতৃষ্ণির তৃষ্ণাদি বা স্বার্থকামনাদিতে একেবারে উদাসীন হইয়া, উপেক্ষা করিয়া, বিসর্জন দিয়া বা নির্ঝাপিত করিয়া নিজকে শুদ্ধ ও পবিত্রভাবে বিশ্বের অনন্ত প্রাণীর প্রীতিতে ও হিতসাধনার্থে সম্পূর্ণরূপে আত্মসমর্পণ কর ও তাহাদের কল্যাণেই নিরন্তর নিযুক্ত থাক। কোন কর্তব্যবোধে বা কাহারও অনুরোধে নহে, অথবা ধর্মভয়ের জন্ম নহে, পরন্তু স্বীয় স্বাধীন ইচ্ছায় সম্পূর্ণ স্বেচ্ছাপ্রবৃত্ত হইয়া অনুরাগের সহিত, আনন্দের সহিত, বিশ্বের হিতের জন্ম, বিশ্ববাসীর কল্যাণের জন্ম আত্মোৎসর্গ কর ও তাহাতেই নিতা নিরন্তর নিযুক্ত থাক ও সদা সারসত্যের অনুসন্ধান কর। নিজের আমিত্ব, আকাঙ্ক্ষাদি বা সর্বপ্রকার স্বার্থকামনাদি একেবারে নির্ঝাপিত না করিলে, কেহ কখনও বিশ্বের হিতের জন্ম সম্পূর্ণ আত্মসমর্পণ করিতে পারে না ও এইরূপেই বিশ্বপ্রেম লাভ করিতে হয়। সেই বিশ্বপ্রেম লাভ করিতে হইলে, নিজের ক্ষুদ্র আমিত্ব-বুদ্ধি, অভিমান, অহঙ্কার, স্বার্থকামনা, ঘেঘাদি একেবারে বলিদান দিতে হইবে, নির্ঝাপন করিতে হইবে ও নিজেকে ব্রহ্মে বা ব্রহ্মকর্মে বা জীবের হিতে আত্মোৎসর্গ করিতে হইবে, তবে বিশ্বপ্রেম ও নির্ঝাণ-মুক্তিলাভ হইবে। বুদ্ধদেবও তাই নিজের আমিত্ব-ভাব, অহঙ্কার তৃষ্ণাদি একেবারে বলিদান দিয়া, জীবের হিতে আত্মোৎসর্গ করিয়া স্বীয় জীবনের দৃষ্টান্ত দ্বারা

ত্যাগ, নির্বান, বিশ্বপ্রেম ও সার সত্যলাভের পথ দেখাইয়া
গিয়াছেন।

তথাগতের ধর্ম নিঃস্বার্থ বিশ্বপ্রেমলাভেরই সাধনা। আমিত্বভাব, অহঙ্কার, স্বার্থকামনা, ঘেঘাদি একেবারে নির্বাপিত করিয়া প্রেমের সহিত জীবসেবা দ্বারা এই নিঃস্বার্থ বিশ্বপ্রেম লাভ করিতে হয়। সর্বত্র সমবুদ্ধি, সর্বত্র আত্মবুদ্ধি ব্যতীত মনের ঘেঘ অভিমান জয় করা যায় না।

সর্বত্র সমবুদ্ধি, প্রেম ও ক্ষান্তি দ্বারাই ক্রোধ, ঘেঘ, হিংসা, শক্রতা জয় করিতে হইবে ও সদ্যবহার দ্বারা দুর্ক্যবহার জয় করিতে হইবে। কামনা, ইচ্ছার বাধা হইতেই মনে ক্রোধ উৎপন্ন হয়, কামনা ইচ্ছার ত্যাগে ক্রোধের লোপ হয়। কামনাত্যাগ, উদাসীনতা (বা উপেক্ষা), অসঙ্গ, মৌন, পরমত-সহিষ্ণুতা ক্ষমা, ধৈর্য্য ও প্রেমের দ্বারাই ক্রোধ, ঘেঘহিংসার জয় হয়। বিবেক, বৈরাগ্য, অসঙ্গ (অর্থাৎ বিবয়ের সঙ্গত্যাগ, শম, দম, প্রত্যাহার), ও নামসাধন অভ্যাস দ্বারা কাম-লোভাদি তৃষ্ণার জয় হয়। এইরূপ সাধনাদি দ্বারা আমিত্ব, বাসনা, তৃষ্ণা, ঘেঘাদি জয় করিয়া জীবহিতে আত্মসমর্পণ পূর্বক, সমবুদ্ধি ও প্রেমের সহিত জীবসেবায় নিযুক্ত থাকিয়া ও আত্মসংস্থ হইয়া উপাসনা ধ্যানাদি দ্বারা এই নিঃস্বার্থ বিশ্বপ্রেম, পরাজ্ঞান ও সার সত্যলাভ করিতে হয়।

“সংঘমি ইন্দ্রিয়গণ সমবুদ্ধি সমুদায়।

সর্বভূত হিতে রত,—তারাও আমাকে পায় ॥”

গীতা—১২।৪॥

বুদ্ধদেব বিঘয়ের উপভোগকে জঘন্য ও সর্বনাশক বলিয়া বর্ণনা করিয়াছিলেন। তিনি ছন্দকে বলিয়াছিলেন, “ছন্দক! অনিত্যাঃ খলু তে কামা অঙ্কবা অশাশ্বতা ইত্যাদি।” হে ছন্দক, এই ভোগ্য বিষয়গুলি (ও তাহা হইতে যে আনন্দ লাভ হয় তাহা) অনিত্য, অঙ্কব

ও চপল। ইহাদের পরিণতি নিতান্ত দুঃখজনক ; ইহারা গিরিনদীর ন্যায় বেগবান, কিন্তু শিশিরবিন্দুর ন্যায় অচিরস্থায়ী, অথচ গভীর দুঃখের উৎপাদক ; (ইহারা মানবকে যথেষ্ট তৃপ্তিদান করিতে পারে না), ইহারা রিক্ত বন্ধমুষ্টির ন্যায় সমস্তই ফাঁকি, শারদীয় মেঘবৎ অস্থায়ী—বিজলী-সদৃশ অতীব চপল। ইহারা মরীচিকা সদৃশ মানবকে প্রতারণা পূর্বক দুঃখপীড়া বিপদাদির পথে চালিত করে। জলবুদ্ধদতুল্য অতি অল্প সময়েই বিনাশ প্রাপ্ত হয়। বিষপানের ন্যায় দুঃখ যন্ত্রণাই ইহাদের পরিণতি।” ভোগ্যবস্তুর সঙ্গ অথবা ভোগ্যবস্তুর কল্পনার আলোচনার সঙ্গ হইতেই মানবমনে বিবিধ তৃষ্ণা আসক্ত্যাদির সমুদ্ভব হয়। ভোগ-তৃষ্ণার আকর্ষণে মানবমন মুগ্ধ হয়, তখন জ্ঞান ও বুদ্ধির বিপর্যয় হইয়া মানব লালসার অনুসরণ করে। এইজন্ম বিষয়ের সঙ্গ বা বিষয়ের চিন্তার ও আলোচনাদির সঙ্গ বর্জন করিবে ও এসম্বন্ধে সর্বদা মনের উপর বিশেষ সতর্ক দৃষ্টি রাখা আবশ্যিক। বিষয়ানন্দ, বিষয়চিন্তা কতকটা আপাতমধুর বোধ হইলেও, পরিণামে বিশেষ অনিষ্টকারী হইয়া দাঁড়ায়। বুদ্ধদেব বলিয়াছেন, “ইহা লবণামুর ন্যায় তৃষ্ণাবর্দ্ধক, যতই উপভোগ করিবে তৃষ্ণা বর্দ্ধিত হইবে। অথচ ইহা মানবকে যথেষ্ট তৃপ্তি বা আনন্দ দান করিতে পারে না এবং দুস্পূর্ণীয় অগ্নিতুল্য কামনার কখনও নিবৃত্তি হয় না।” (এইজন্ম এইরূপ বিবেকযুক্ত বিচারপরায়ণ হইয়া ভোগতৃষ্ণার হ্রাস করিবে)। “ইহা ভীষণ জলপ্রপাতের ন্যায় বুদ্ধগণ কর্তৃক পরিবর্জিত, মূর্খগণ কর্তৃক পরিগৃহীত ও বাল-বুদ্ধিগণ দ্বারা পরিসেবিত।” ইহারা আধ্যাত্মিক উন্নতির পরম শত্রু ও বিশেষ অনিষ্টকারী এবং মরীচিকার ন্যায় প্রতারণিত করিয়া মানবের বিবিধ দুঃখ আনয়ন করে জানিয়া ভোগ্য বিষয়ানন্দের কদাচ অধীন হইবে না। ভোগে উদাসীন হইবে ও দৃঢ়তার সহিত ইহা উপেক্ষা করিবে। স্বার্থযুক্ত কামনা মাত্রেই বন্ধন

সৃষ্টি করিয়া মানবকে পুনরায় সংসারে আনে ও তাহার ফলে মানব বিবিধ দুঃখ ভোগ করে। অতএব স্বার্থ-কামনা ত্যাগ করিবে।

বুদ্ধদেবের দ্বিতীয় আৰ্য্যসত্য ও তৃতীয় আৰ্য্যসত্যের সত্যতা ভালরূপে উপলব্ধি করিতে পারিলেই আমাদের আমিত্ব, অহঙ্কার, মমত্ববুদ্ধি ও বিবিধ তৃষ্ণাদির ত্যাগের জন্ত আমাদের সম্যক্ সংকল্প জাগ্রত হইবে এবং তখন আমরা সম্যক্ চেষ্টা করিব।

মানব বিষয়ভোগে মুগ্ধ হইয়া বিষয় ও বিষয়ানন্দকেই অশেষ সুখের আকর বলিয়া মনে করে। বিষয়ানন্দলাভই তাহার জীবনের প্রধান লক্ষ্য হয় ও সে মনে বিষয়ভোগের প্রবল তৃষ্ণা ও আসক্তি পোষণ করে। যেখানেই আসক্তি, সেইখানেই মানব আবদ্ধ হয় ও যেখানে আসক্ত বা আবদ্ধ হয়, সেইখানেই তার সম্বন্ধে একটি নিশ্চয়াত্মিকা সংস্কার— (Impression বা ধারণা) আশ্রয় করিয়া আবদ্ধ হয়। বিষয়ভোগেই বিবিধ আনন্দ লাভ হয়; ইহাই তার বদ্ধমূল সংস্কার বা ধারণা। জীব যাহাকে বিষয় বলিয়া বুঝে, তাহা বিষয়ের প্রকৃত স্বরূপ নহে। বিষয়কে ও বিষয়ভোগকে সে কল্পনামাত্রেরে অতি মনোহর জ্ঞান করে। বিষয়ের কল্পনাময় মধুর ছবিতে নিশ্চয়ত্ব আরোপিত করিয়া তাহাই বিষয় সম্বন্ধে নিশ্চয়াত্মক জ্ঞান, ইহাই সে ধারণা করে; অর্থাৎ বিষয় ও বিষয়ানন্দই অশেষ আনন্দদায়ক, এই সংস্কার বা ধারণা (Impression) মনে পোষণ করিয়া থাকে। কিন্তু এ ধারণা কতকটা ভ্রান্ত ধারণা মাত্র। কারণ বিষয়ের স্বরূপ কখনও স্থির থাকে না। ইহা পরিবর্তনশীল ও ক্ষণভঙ্গুর। কল্পনার সাহায্যেই ভোগ্যবিষয় ও বিষয়ানন্দকে মুগ্ধকারী বলিয়া মনে হয় এবং কল্পনা ত্যাগ করিয়া সম্যক্ দৃষ্টি ও বিচারের দ্বারা দেখিলে বিষয়ানন্দ তুচ্ছ, ক্ষণস্থায়ী ও সামান্য বলিয়া মনে হইবে। কাম ও লোভাদি বাসনা সঙ্গ ও মানসিক কল্পনার সাহায্যেই মানব-মনে উৎপন্ন

হয়। বিষয়ের সঙ্গ ও বিষয়ের কল্পনা পরিত্যাগ করিলে কাম-লোভাদি বাসনা আর মনে উদিত হয় না। কল্পনা ত্যাগ করিয়া বিষয়ে ও বিষয়ভোগের আনন্দে মানব সম্যক্ দৃষ্টি স্থাপন করিলে, তখন বস্তুবিচারের দ্বারা সে বিষয়ে ও বিষয়-ভোগে অশেষ দোষ দর্শন করিতে সমর্থ হইবে ও তখন সে পরিবর্তনশীল বিষয়ে ও মরীচিকাতুল্য ক্ষণস্থায়ী বিষয়ানন্দে আসক্তির পরিবর্তে সংশয় ও বৈরাগ্য অনুভব করিবে। বিষয়ানন্দ কতকটা আপাত-মধুর হইলেও, পরিণামে বিবিধ ব্যাধি, জরা, মৃত্যু এবং নানা দুঃখ ও বিপদাদি আনয়ন করে, ইহা সে উপলব্ধি করিতে পারিবে। ভোগতৃষ্ণার রসদ যোগাইতে অপারগতা ও বাধা হইতেই বহু দুঃখের ও বিরক্তির উদ্ভব হয়। অথচ দুস্পূর্ণীয় অগ্নিতুল্য তৃষ্ণার সহজে তৃপ্তি বা নিবৃত্তি হয় না। তৃষ্ণার তাড়নে মন চঞ্চল ও অস্থির হইলে, তখন বিষয়োপ-ভোগের দ্বারা তৃষ্ণার উত্তেজনাবুদ্ধিই হয় মাত্র ও তাহাতে প্রকৃত তৃপ্তি বা আনন্দের উপলব্ধিই হয় না ; নিস্তরঙ্গ চিত্তেই প্রকৃত আনন্দের উপলব্ধি হইয়া থাকে। মনের বিক্ষিপ্ত বা চাঞ্চল্যে বা উত্তেজনার অবস্থায় আনন্দের উপলব্ধি বা রসাস্বাদন তেমন হয় না। সেই জন্ত তৃষ্ণা ত্যাগ করিয়া অল্পে সন্তোষ অভ্যাস করিলে তৃপ্তি, শান্তি ও আনন্দ লাভ হয়। এইজন্ত অনাসক্ত ভাবে ভোগে তৃপ্তি ও শান্তি লাভ হইতে পারে (গীতা—২।৬৪) এবং তৃষ্ণা একেবারে ত্যাগ করিতে পারিলে মন অধিক শান্তি ও অধিক আনন্দ-রসে পূর্ণ হইয়া যায় (গীতা - ২।৭১)। সামান্য তৃষ্ণা ও অসন্তোষ, বিরক্তি, ক্রোধ, কলহ ও দুঃখ আনয়ন করিতে পারে। অতএব তৃষ্ণা মাত্রই বর্জনীয়। বুদ্ধদেবের মতে ভোগতৃষ্ণাই জগতের সকল দুঃখের মূল কারণ ও পৃথিবীতে পুনরাগমনের মূল কারণ ; ইহা সতত স্মরণ রাখিতে হইবে। এইরূপ বিচারের

সাহায্যে বিষয়ভোগের মোহ কাটাইয়া বিষয়ানন্দে উদাসীন ও অমনোযোগী হইতে হইবে ; উহা উপেক্ষা করিতে হইবে। মিথ্যা বিষয়চিন্তা, স্ত্রীচিন্তাদি পরিত্যাগ ও ভোগ বর্জন করিয়া এবং বিষয়ের সঙ্গ ত্যাগ করিয়া তৃষ্ণাশূন্য নির্ঝাপিত করিতে হইবে। এইরূপ বিচার, অসঙ্গ ও অভ্যাসে কাম, লোভ দমিত হইবে। প্রকৃতির পথে বা ইন্দ্রিয়পথে প্রকৃত স্থায়ী আনন্দ-লাভ হয় না। এই আমিত্ব ও তৃষ্ণা ত্যাগ করিতে পারিলেই, স্বার্থকামনাদি লোপ পাইলেই, দুঃখোৎপত্তির কারণ-নাশ হওয়ায়, আমরা মনে অপার শান্তি ও আনন্দ লাভ করি এবং মনও পবিত্রতা লাভ করে। ইহাই বুদ্ধদেবের তৃতীয় আর্ষ্যসত্য। বুদ্ধদেবের এই দুই আর্ষ্যসত্য পুনঃ পুনঃ আলোচনা করিয়া ইহার সত্যতা উপলব্ধি করিতে পাইলেই সর্বদুঃখনির্ঝাপক কল্যাণময় বৌদ্ধধর্ম ভালরূপে হৃদয়ঙ্গম হইবে। এইরূপে সম্যক দৃষ্টি দ্বারা বিচারপরায়ণ হইয়া বুঝিয়া উপেক্ষাধ্যান দ্বারা সর্বপ্রকার পাপবাসনার বীজ মন হইতে অপসারিত করিবে। বিচার, উপেক্ষা, অসঙ্গ ও নাম সাধনাভ্যাসরূপ উপায় অবলম্বন করিয়া আমাদের আমিত্ব, অহঙ্কার ও স্বার্থকামনাদি ও মনের যাবতীয় পাপ-ভাব ও পশুভাব বলিদান দিতে পারিলে, তবে আমাদের অন্তর্নিহিত দেবভাব ফুটিয়া উঠিবে। তখন আমরা শান্তিলাভ করিতে পারিব এবং আমাদের অন্তরের ব্রহ্মশক্তি জাগ্রত হইবে।

স্বার্থকামনাদির চিন্তা মন হইতে একেবারে অপসারিত করিয়া পবিত্র ও নিঃস্বার্থ কল্যাণময় চিন্তায় চিত্ত সদা পরিপূর্ণ রাখিতে হইবে। সকল পাপ, স্বার্থকামনাদি ত্যাগ, পবিত্র কল্যাণময় চিন্তা, সংসঙ্গ, সংকর্ম ও জপধ্যান ও প্রার্থনাদির অভ্যাস ও তাহাতে মনের তন্ময়তায় আমাদের চিত্ত পবিত্র হইবে পবিত্র চিন্তাই পবিত্রতা

লাভের প্রধান উপায়। বুদ্ধদেব এই জন্ত মৈত্রী, করুণা ও মুদিতা ধ্যানের অভ্যাসের ব্যবস্থা করিয়াছেন।

(২য় ও ৩য়) মৈত্রী ও করুণার ধ্যান।

বৌদ্ধশাস্ত্র উরবর্গে মেত্রা স্ত্রে সাধকের মৈত্রী ও করুণা ভাবনার সম্বন্ধে এইরূপ বর্ণনা রহিয়াছে। যে সাধক শান্তিপ্রদ নির্বাণ লাভ করিতে চাহেন, তিনি কর্তব্যপালনে কুশল, সরল, বিনীত ও নিরভিমান হইবেন। তাঁহার অভাব অল্পই থাকিবে, অল্পই তিনি সন্তুষ্ট হইবেন। তিনি কোনরূপ মন্দ ভাবনা করিবেন না। তিনি জিতেন্দ্রিয়, সন্ধিবেচক, অপ্রগল্ভ ও অনাসক্ত হইবেন। তিনি ক্ষুদ্র পাপ বা অসৎ আচরণও করিবেন না। তিনি নিঃস্বার্থ ভাবে জীবসেবায় ও সার সত্যাত্মসন্ধানে নিযুক্ত থাকিবেন। তিনি সদা ভাবিবেন—সকল জীব সুখী ও নিরাপদ হউক। তিনি ভাবিবেন, সকল জীব—সবল দুর্বল, ছোট বড়, দৃষ্ট অদৃষ্ট, দূরবর্তী নিকটবর্তী, ভূতকালের ও ভবিষ্যকালের সকল প্রাণীই সুখী ও নিরাপদ হউক। তিনি ভাবিবেন, জগতের সকল জীব বৈরী-রহিত হইয়া, ব্যথারহিত হইয়া, সুখী ও নিরাপদ হইয়া নিজকে পরিচালিত করুক। (Peace and good-will to all), তিনি কাহাকেও বঞ্চনা করিবেন না, কাহাকেও আঘাত করিবেন না, কাহাকেও ঘৃণা করিবেন না, কাহারও প্রতি ক্রোধ বা বিদ্বেষের ভাব পোষণ করিবেন না। তিনি কাহারও কখনও অহিত চিন্তা করিবেন না। জননী যেমন নিজ আয়ুঃদ্বারা সন্তানের জীবন রক্ষা করেন, তিনিও তেমনি সকল প্রাণীর প্রতি অপরিমেয় প্রীতি, স্নেহ ও করুণা পোষণ করিবেন—বাধাশূন্য, বৈরীশূন্য, হিংসাশূন্য অপরিমেয় প্রীতি, মৈত্রী, স্নেহ ও করুণা সর্বকালে সর্বজীবে ব্যাপ্ত করিয়া দিবেন। সর্বসময়ে যাবৎ না নিদ্রিত হন

তাবৎ এই প্রীতি, মৈত্রী, স্নেহ ও করুণার ভাবে ও ভাবনায় নিজে পরিপূর্ণ হইয়া থাকিবেন। জীবের কল্যাণভাবনায় জীবের হিতের জ্ঞান নিজেকে একেবারে উৎসর্গ করিবেন ও সদা তাহাতেই নিযুক্ত থাকিবেন ও সেই ভাবেই নিমজ্জিত থাকিবেন। নিজের সুখদুঃখ, লাভালাভ, জয়পরাজয়, আমিত্ব অহঙ্কার, ঘেযাকাঙ্ক্ষা প্রভৃতিতে একেবারে উদাসীন হইয়া, এই সব মন হইতে একেবারে অপসারিত করিয়া, নির্ঝাপিত করিয়া, সর্বজীবের কল্যাণভাবনায় ও কল্যাণকার্যে নিজেকে সম্পূর্ণ উৎসর্গ করিবেন, তাহাতেই সদা নিযুক্ত থাকিবেন, সেই ভাবেই সদা পরিপূর্ণ থাকিবেন, তন্ময় হইয়া ডুবিয়া থাকিবেন। বৌদ্ধমতে এইরূপ কল্যাণভাবনাকেই ব্রহ্মবিহার বলিয়াছে এবং চিত্তের এই অবস্থাকে সর্কোংকুষ্ট অবস্থা বলিয়াছে।

বৌদ্ধধর্মের উদ্দেশ্য—আমাদের আমিত্ব, স্বার্থবুদ্ধি, ঘেযাকাঙ্ক্ষাদির নির্ঝাণ, সর্বজীবের প্রতি অপরিমেয় নিঃস্বার্থ ভালবাসা ও করুণা বিস্তার করা এবং সর্বজীবের প্রকৃত কল্যাণসাধন করা। আমাদের অহংভাব ও স্বার্থতৃষ্ণাদি এই মহাভাবের অন্তরায়। অহংটা আমাদের ভালবাসাকে স্বার্থের দিকে টানে, সঙ্কীর্ণতার দিকে টানে। আমাদের অহংভাব ও স্বার্থবুদ্ধি, ঘেযাকাঙ্ক্ষাদির নির্ঝাণ বা লোপ করিয়া দিতে পারিলে, সেই জগদ্ব্যাপী বিশ্বপ্রেম ও মহাপ্রাণতা লাভ করিতে পারি। এই জগদ্ব্যাপী বিশ্বপ্রেম (ও সার সত্যের উপলব্ধি) লাভ করিতে হইলে, আমাদের অহংভাব ও স্বার্থকামনাদি নির্ঝাণ করিতে হইবে; এই শিক্ষাই বুদ্ধদেব দিয়া গিয়াছেন, ইহাই কবিসম্রাট রবীন্দ্রনাথের মত। আমাদের অহংভাব ও সকল স্বার্থবুদ্ধি, ঘেযাকাঙ্ক্ষাদি পশুভাব বলিদান দিতে পারিলে, তবে আমাদের অন্তরস্থ দেব-ভাব ফুটিয়া উঠিবে; তখন জগদ্ব্যাপী বিশ্বপ্রেম লাভ করিব ও অন্তরে ব্রহ্মশক্তি জাগ্রত হইবে।

(৪) মুদিতা ধ্যান

মুদিতা, প্রসন্নতা ও সন্তোষের একই অর্থ। মুদিতা-ভাবের প্রকৃত অর্থ—সর্বাবস্থায় প্রসন্নতা ও পরের উন্নতি দেখিয়া শান্তি ও সন্তোষের ভাব এবং কোনরূপ হিংসা বা পরশ্রীকাতরতা বা বিরুদ্ধভাব মনে আদৌ পোষণ না করা। সর্বজীবের উন্নতি ও কল্যাণ হ'উক, এই ভাবনা, সর্বজীবের প্রতি বাধাশূন্য বৈরীশূন্য প্রীতি ও প্রসন্নতা এবং সর্বাবস্থায় চিত্তের শান্তি ও সন্তোষ রক্ষা করাই মুদিতাভাবের ধ্যান। সর্বাবস্থায় সন্তোষের সহিত সহিষ্ণুতা ও চিত্তের প্রসন্নতা রক্ষা করাকে মুদিতা অবস্থা বলে। পরের উন্নতি দেখিয়া পরশ্রীকাতর না হইয়া, উন্নতিতে আনন্দ ও প্রসন্নতা অনুভব করাকেও মুদিতা অবস্থা বলা যায়। সর্বজীবের কল্যাণ হ'উক, উন্নতি হ'উক, সর্বজীব সুখী ও নিরাপদ হ'উক, সর্বজীবের প্রতি বাধাশূন্য ও বৈরীশূন্য প্রসন্নতা, প্রীতি, প্রেম ও করুণা ভাবের ভাবনায় বা ধ্যানে তন্ময় হইয়া ডুবিয়া নিজেকে মুদিত করিয়া রাখাকেও মুদিতা-ধ্যান বলা যাইতে পারে।

বৌদ্ধ মতে আরও অনেক ধ্যান আছে, তবে এই চারি ধ্যানই প্রধান।

বোধিসত্ত্বের ভাব

বোধিসত্ত্বগণ আপনাদিগকে বুদ্ধের স্থলাভিষিক্ত মনে করেন। তিনি একাকী সংসারসমুদ্র অতিক্রম করিয়া সুখী হন না। তিনি বলেন, “আমি বুদ্ধত্ব ও সর্বজ্ঞত্ব লাভ করিয়া স্বয়ং যেমন সংসারসমুদ্র পার হইব, তেমনি অন্য সকলকেও পর-পারে বহন করিয়া লইবার জন্ত প্রাণপণে সংগ্রাম করিব। যখন দেখিতেছি, আমার প্রতিবাসী আমার গায় দুঃসহ দুঃখের বোঝা বহন করিতেছে, তখন আমি কেবলমাত্র

স্বীয় দুঃখ দূর করিয়া কেমন করিয়া নিরস্ত থাকিব ? জীবের কল্যাণ ও সেবার জন্ম তাঁহার হৃদয়ে অবিচলিত সাধু সঙ্কল্প জাগিয়া উঠে। তিনি তখন সকল জীবের অবিদ্যার বোঝা গ্রহণ করিয়া সকলের জন্ম নির্বাণ-সাধনায় প্রবৃত্ত হন। তাঁহার বোঝা যতই ভারী হউক না কেন, সঙ্কল্পের স্মৃঢ় বশে সমাবৃত হওয়ায় তাঁহার হৃদয় কিছুতেই দমিয়া যায় না। তাঁহার প্রজ্ঞা, করুণা ও মৈত্রী ও তাঁহার যাবতীয় শক্তি, স্কৃতি ও পুণ্য সকলই সর্বজীবের কল্যাণে উৎসর্গীকৃত হয়। বুদ্ধগণ ও বোধিসত্ত্ব-গণই বৌদ্ধ সাধকদের আদর্শ।

বৌদ্ধ গ্রন্থকার শাস্তিদেব তাঁহার প্রণীত বোধিচার্যাবতার গ্রন্থে বর্ণনা করিয়াছেন, যে বোধিসত্ত্বগণ এইরূপ সঙ্কল্প করেন, “আমি বুদ্ধত্ব এবং সর্বজ্ঞত্ব লাভ করিয়া স্বয়ং যেইরূপ সংসারসমুদ্র পার হইব, তেমনি সকল দেবমানবকে পরপারে বহন করিয়া লইয়া যাইবার জন্ম প্রাণপণ সংগ্রাম করিব। বুদ্ধদেবকে আরাধনা করিয়া, পূর্ব-বুদ্ধগণের আদর্শ লইয়া ও তাঁহাদের শরণাপন্ন হইয়া, স্বকৃত:পাপ স্বীকার করিয়া, আমি যে পুণ্য অর্জন করিয়াছি তাহা জীবের হিতে ও বোধিলাভের আনুকূল্যে উৎসর্গীকৃত হউক। যাহারা ক্ষুধার্ত্ত আমি তাহাদিগের অন্ন, যাহারা তৃষিত আমি তাহাদিগের পানীয় হইতে ইচ্ছা করি। আমি আমাকে এবং আমার জন্ম-জন্মান্তরীণ ভাবীসত্তাকে জীবের কল্যাণে উৎসর্গ করিলাম। পূর্ববর্ত্তী বুদ্ধগণ যে ভাবের বশবর্ত্তী হইয়া ব্রত গ্রহণ করিয়াছেন, আমি (আপনাকে তাঁহাদের নিকট অশেষ ঋণী মনে করিয়া) সেই ভাবের অনুবর্ত্তী হইয়া সমস্ত জীবের কল্যাণের জন্ম ও সমগ্র জীবের নির্বাণের জন্ম সাধনায় প্রবৃত্ত হইলাম।” তিনি একদিকে স্বীয় ভোগবাসনা সম্পূর্ণ বিসর্জন করিয়া স্বার্থমূলক অহংকে সম্পূর্ণ সঙ্কুচিত করেন ; অপরদিকে করুণায় বিগলিত হইয়া

সর্বজীবের প্রতি প্রীতি, মৈত্রী, করুণা ও কল্যাণভাবনা দ্বারা আপনাকে লোক-লোকান্তরে ব্যাপ্ত করিয়া দিয়া থাকেন। তাঁহার সকল কৰ্ম, সকল চেষ্টা ও সকল ধ্যানের মূলে জীবের প্রতি অপরিমেয় সহানুভূতি, মৈত্রী, প্রেম ও করুণা বিদ্যমান থাকে।

জীরের এই কল্যাণসাধনের জন্ত, তিনি অসীম ক্ষান্তিকে তাঁহার চিত্তের ভূষণ করিয়া লন। কোন দুষ্ট নিষ্ঠুর ব্যক্তি তাঁহাকে আঘাত করিলেও তিনি ক্রুদ্ধ হন না বা বিদ্বেষ-ভাব পোষণ করেন না। ‘আঘাতকারী ব্যক্তি আমার শত্রু নহে, মিত্র; আঘাত করিয়া সে আমাকে সহিষ্ণুতা ও ক্ষমাশীলতা শিক্ষা দিবার সুযোগ দিতেছে। আমি যখন দেহধারী, তখন আমাকে দৈহিক পীড়নাদি সহিতেই হইবে।’ তাঁহার প্রতি কেহ শত্রুতা চরণ করিলেও তিনি ক্রুদ্ধ হন না বা কোনরূপ বিদ্বেষ-ভাব পোষণ করেন না, বরং তাহাকে রূপার পাত্র মনে করেন ও তাহার প্রতি প্রসন্নতা এবং বৈরীশূন্য প্রীতি ও করুণা অর্পণ করেন। তিনি জীবের কল্যাণ, উন্নতি ও উদ্ধারসাধনের জন্ত তাঁহার সমস্ত তেজঃ, বীৰ্য্য, সমস্ত উদ্যম, চেষ্টা ও ভাবনা জীবপ্রীতির রস-প্রস্রবণের ন্যায় জীবে সর্বদা অর্পণ করেন। বোধিসত্ত্ব বা মহাসত্ত্বগণের মন সর্বদা এইরূপ উঁচু স্তরে বাঁধা থাকে। যথাকালে তাঁহারাও বুদ্ধগণের ন্যায় সম্যক্ সম্বুদ্ধ হন ও পরিনির্বাণ লাভ করেন।

যে অর্হৎগণ এইরূপ জীবকল্যাণের জন্ত সম্পূর্ণ ভাবে আত্মোৎসর্গ করেন, তিনিই বোধিসত্ত্ব অবস্থা লাভ করেন। এই অবস্থা লাভ করিয়া সাধন করিতে করিতে ও জীবকল্যাণে এইরূপ নিয়ত নিমজ্জিত হইয়া থাকিতে থাকিতে, যথাকালে তিনি সম্যক্ সম্বুদ্ধ হইয়া বুদ্ধত্ব লাভ করেন ও পরিনির্বাণ লাভ করেন।

বৌদ্ধনীতি ।

বুদ্ধদেব নৃপতি বিশ্বিসারকে বলিয়াছিলেন, “সংক্ষেপতঃ আমার ধর্মের মর্ম এই ;—“সকল পাপ পরিত্যাগ, কুশল কর্ম সম্পাদন ও চিত্তের পবিত্রতাসাধন ; এবং সকল জীবের প্রতি অপরিমেয় বিশুদ্ধ প্রীতি, মৈত্রী ও করুণা রক্ষা করিবে । হিংসাশূন্য, বাধাশূন্য, বৈরীশূন্য প্রীতি, মৈত্রী ও করুণার ভাব সদা হৃদয়ে পোষণ করিবে ; এবং জীবহিত-সাধন ও সার সত্যের সন্ধানে সদা নিযুক্ত থাকিবে ।”

১। যে সাধক শ্রেয়ঃকে লাভ করিতে চাহেন, তাঁহাকে আলস্য-শূন্য হইয়া অন্তরে বাহিরে শুচিতাসম্পন্ন হইতে হইবে । এই শুচিতালাভই সাধনার ক্ষেত্রে প্রথম ও প্রধান কথা । ইহারই জন্ম শীল-গ্রহণ, ব্রহ্মচর্যপালন, অষ্টাঙ্গ-মার্গগ্রহণ ও নাম-সাধনের ব্যবস্থা হইয়াছে :। পবিত্রতা-লাভ না হইলে আধ্যাত্মিক দৃষ্টি প্রফুটিত হয় না এবং ঐ দৃষ্টি পরিষ্কট না হইলে সত্যের সাক্ষাৎকার হয় না । এই জন্ম সাধক সর্ব প্রযত্নে মনকে সুনির্মল করেন । তিনি জানেন, যখনই তাঁহার মন ও চিত্ত সুনির্মল, পবিত্র, স্বচ্ছ ও স্থির হইবে, তখনই সেখানে সত্য প্রতিবিম্বিত হইবে ।

কর্ম যেরূপ অনায়াসে নিজ গুণ প্রত্যাহরণ করিয়া থাকে, সাধকও তেমনি অভ্যাসের দ্বারা নিজের মনকে সর্বপ্রকার কলুষ ও মলিনতা হইতে প্রত্যাহত করেন এবং সকল পাপ পরিত্যাগ করেন । মন

যার বশীভূত হয় নাই, তাহার ধ্যানও নাই, উপাসনাও নাই, স্মৃতিও নাই, শান্তিও নাই। যিনি স্মৃতি, যিনি ধর্মার্থী, তাঁহাকে যেমন করিয়াই হউক নিজের মনকে স্ববশে আনিতেই হইবে ও মনকে সর্ববিধ পাপ, কুচিন্তা, লালসা ও মলিনতা হইতে মুক্ত করিয়া, উহাকে শুদ্ধ, পবিত্র ও তেজস্বী করিতেই হইবে—ইন্দ্রিয়বিজয় ও চরিত্রকে সংশোধন করিয়া, দয়া-দাক্ষিণ্য ও মৈত্রীমূলক কল্যাণব্রতের সাধনায় ও সার সত্যের সন্ধানে নিজেকে নিযুক্ত রাখিতে হইবে। এইরূপ উপায়ই শ্রেয়োলাভের প্রধান পন্থা বলিয়া বুদ্ধদেব নির্দেশ করিয়াছেন। সকাম ক্রিয়াকাণ্ড বাহ্য অনুষ্ঠানের দ্বারা ফল হয় না। সুপরিচালিত চিত্ত দ্বারা কল্যাণ-কর্মে ও সত্যলাভের সাধনায় আত্মোৎসর্গ করিয়া চলিলে শ্রেয়োলাভের আশা করা যায়।

২। বৌদ্ধ ধর্ম এই কথাই জোরের সহিত প্রচার করে, যে তুমি যাহা বল, যাহা ভাব, যাহা কর, সমস্তই মন হইতে উৎপন্ন হয়। মনই ধর্ম-সমূহের পূর্বগামী অর্থাৎ মন হইতেই ধর্ম উৎপন্ন হয়। সুতরাং মনেরই সম্পূর্ণ নিঃশূলতা সাধন প্রয়োজন। মন হইতে সর্বকার্য ও ধর্মের উৎপত্তি; মনের সাহায্যেই তোমাকে উঠিতে হইবে। সুতরাং বিশেষ চেষ্টার সহিত মনকেই সবল, তেজস্বী ও পবিত্র করিতে হইবে। মন হইতে সকল পাপাভিলাষ, কাম, ক্রোধ, লোভ, কাপট্য, অহঙ্কার, হিংসা, বিদ্বেষাদি সকল মলিনতার উচ্ছেদ করিতে হইবে। সকল ভোগৈশ্বর্য, ক্ষমতাদির তৃষ্ণা, স্বার্থপরতা ও আমিত্বাভিমানাদি নিঃশূল করিতে হইবে। এইরূপে মনকে পবিত্র করিতে পারিলেই, তোমার আধ্যাত্মিক দৃষ্টি প্রফুল্লিত হইবে ও তখন তুমি সার সত্য উপলব্ধি করিতে পারিয়া ধন হইবে। মনকে সুপবিত্র ও অচঞ্চল করিতে না পারিলে আধ্যাত্মিক দৃষ্টি-লাভ হইবে না।

৩। বুদ্ধের মতে মনকে নিষ্কলুষ করিতে হইলে, শীল অভ্যাস করা প্রয়োজন। বৌদ্ধ সাধনায় শীলই নির্বাণের পথে পাথর। শীলাভ্যাস চরিত্রকে বলিষ্ঠ করে ও চরিত্রকে গড়িয়া তুলে। শীলই সাধনার পথে অগ্রসর হইবার সম্বল। শীল অছিদ্র ও অখণ্ড ভাবে পালিত হইলে, আধ্যাত্ম-বোধের সঞ্চারণ হয়। শীলপালন, অষ্টার্গমার্গ গ্রহণ ও নাম সাধন করিয়া ঠিকমত চলিতে পারিলেই চিত্তের পবিত্রতালাভ হইতে পারে। তৎসহ সাত পারমিতা ও চারি ধ্যান অভ্যাস করিতে পারিলে, চিত্তের বিশেষ উৎকর্ষতা, আবশ্যকীয় শক্তি ও পবিত্রতা নিশ্চয়ই প্রাপ্ত হইবে। বৌদ্ধসাধকগণ পঞ্চ, ষষ্ঠ বা ততোধিক শীল গ্রহণ করিয়া পালন করিয়া থাকেন। ষষ্ঠ শীল, যথা—(১) অহিংসা—তুমি কদাচ কোন প্রাণীকে আঘাত বা হিংসা বা হত্যা করিবে না। কখনও কোন প্রাণীকে হত্যা করিও না, করাইও না, কিম্বা অপরের জীবহত্যার অনুমোদন বা সহায়তা করিও না। সর্ব-প্রাণীর প্রতি হিংসাহীন ও বৈরীভাবশূন্য হইবে। সর্বজীবের প্রতি অহিংসা, সমপ্রাণতা, সহানুভূতি, মৈত্রী ও করুণা বিস্তার করিবে। কাহারও মনে আঘাত দিবে না। কায়মনোবাক্যে সর্ব প্রকার হিংসা-শূন্য হইবে। (২) অকাম বা ব্রহ্মচর্য্য। দুঃস্পূর্ণীয় অগ্নিতুল্য কামকে জলন্ত অঙ্গার জ্ঞানে ত্যাগ করিবে ও ইন্দ্রিয়সংযম দৃঢ়তার সহিত অভ্যাস করিবে। কদাচ ব্যাভিচার করিবে না। ইন্দ্রিয়ের লালসা মনের প্রজ্জা ও সঙ্গ বুদ্ধি হরণ করে। কামতৃষ্ণাই পরম রোগ ও বিবিধ দুঃখের মূল কারণ এবং সংসারে পুনরাগমনের প্রধানহেতু ; বিষয়ানন্দ কতকটা আপাত-মধুর বোধ হইলেও পরিণামে বিশেষ দুঃখ আনয়ন করে এবং মরীচিকা-সদৃশ ও সংসারের সকল দুঃখের মূল কারণ জানিয়া ইহা দৃঢ়তার সহিত দমন ও ক্রমে একেবারে বর্জন করিতে চেষ্টা

করিবে। কামকে কিছুতেই মনে জাগ্রত হইতে দিবে না ও আদৌ মনে স্থান দিবে না। এ বিষয়ে মনের উপর সতর্ক দৃষ্টি রাখিবে। বিষয়ের সঙ্গ ও কল্পনার সঙ্গ হইতে মনে ইহার উদ্ভব হয়, এজন্য ঐরূপ সঙ্গ বর্জন করিবে। ইহাই আধ্যাত্মিক উন্নতির প্রধান অন্তরায়। অথগু ব্রহ্মচর্যাভ্যাসে চিত্তের পবিত্রতা ও আধ্যাত্মিক দৃষ্টি লাভে সহায়তা হয়। শ্রেয়োলাভ করিতে ইচ্ছুক হইলে, কামতৃষ্ণার মলিনতা ত্যাগ করিতে হইবে। মনকে সদা উচ্চভাবে তন্ময় রাখিতে পারিলে মন নিয়গামী হয় না।

(৩) সত্য—সকলপ্রকার মিথ্যা, কাপটা, কোটিল্য ও প্রবঞ্চনাদি বর্জন করিবে। তুমি কদাচ মিথ্যা কহিও না বা অন্য দ্বারা মিথ্যা কহাইও না কিম্বা মিথ্যা ভাষণ ও প্রবঞ্চনা কাপট্যাতির সমর্থন করিও না। সর্ববিধ মিথ্যাচার প্রবঞ্চনাদির সংশ্রব হইতে মুক্ত থাকিবে। (এমন কি মিথ্যাচিন্তাও নিষেধ)। কাপট্যবিহীন সরলতা চাই; তবে মন নিষ্কণ্টক হইয়া শুদ্ধ হইবে। সত্য ও সরলতা সদা অবলম্বন করিবে। সত্য রক্ষা করিবে।

(৪) অস্তেয়—যাহা তোমাকে দেওয়া হয় নাই, তাহা কদাচ গ্রহণ বা অপহরণ করিবে না বা অধিকার করিবে না, বা অন্যের সহায়তায় অপহরণ বা অধিকার করিবে না এবং অন্যের অপহরণ-কার্যেরও সহায়তা ও অনুমোদন করিবে না। সকল প্রকার লোভ ও চৌধ্যাদি হইতে বিরত থাকিবে। জিহ্বার লোভও ত্যাগ করিতে হইবে। সর্বপ্রকার লোভ ও কামনা ত্যাগ করিয়া চিত্তকে পবিত্র করিবে।

(৫) বিনয় বা মানশূন্যতা—সকলপ্রকার অহঙ্কার অভিমান, দম্ভ, মদমত্ততা ত্যাগ করিয়া বিনয় ও নিরহঙ্কারিতা অভ্যাস করিবে। অহঙ্কার,

ক্রোধ ও কাম মনে জাগিলে ধর্মলাভ হয় না। অতএব ইহাদিগকে আদৌ মাথা তুলিতে দিবে না বা মনে জাগিতেই দিবে না। সকল প্রকার অহঙ্কার, গর্ব, দম্ভ, মত্ততা পরিত্যাগ করিবে। এইজন্ম সুরাপান বা অন্য কোন মাদক দ্রব্য আদৌ গ্রহণ করিবে না। যতই মন হইতে আমিত্ব-বুদ্ধি, মমত্ব-বুদ্ধি, আত্মপরায়ণতা অপসারিত করিতে পারিবে, ততই মনে পরার্থপরায়ণতা ও প্রেম জাগ্রত হইবে। আমিত্বই প্রধান অবিদ্যা বা ভ্রান্ত ধারণা; ইহাই স্বার্থপরতা, তৃষ্ণা ও ঘেঁষ-ভাবাদির উৎস। আমিত্ব ও তৃষ্ণা একেবারে ত্যাগ করিতে পারিলেই পবিত্রতা বা চিত্তশুদ্ধি লাভ করা যায়।

(৬) অক্রোধ—ক্রোধচণ্ডালও অতি ভয়ানক রিপু; ইহা সাধনা ও পুণ্য নষ্ট করে এবং ধর্মের বিশেষ অন্তরায়। এজন্ম ক্রোধ, বিদ্বেষ, হিংসা মনে আদৌ আসিতে দিবে না। মত-সহিষ্ণুতা মৌন, ক্ষমা, ধৈর্য, উদাসীনতা বা অসঙ্গ ও প্রেমের দ্বারা ক্রোধ ও বৈরীভাব জয় করিবে। কামনার বাধা হইতে ক্রোধ হয়। সকল কামনা বা ইচ্ছাদি পরিত্যাগ করিতে পারিলেই, মনে আর ক্রোধ উৎপন্ন হয় না। কোন অবস্থাতেই মনকে অস্থির বা চঞ্চল হইতে দিবে না। সর্বাবস্থায়ই মনের ধৈর্য ও স্থৈর্য রক্ষা করিবে। মত-সহিষ্ণুতা (tolerance) লাভ না হইলে ভাল ভাবে ক্ষমা ও ধৈর্যলাভ হইবে না। বাহিরের শত্রু আমাদেরকে আর কি অনিষ্ট করিতে পারে, বিপথগামী অবশীভূত মনই আমাদের প্রধান শত্রু। কেহ কোন অন্যায় বা শত্রুতা করিলে, সাধু বৌদ্ধগণ কোন ক্রোধ বা বৈরীভাব পোষণ করেন না, তাহাকে ক্ষমা ও করুণার পাত্র বিবেচনা করেন। বুদ্ধের উপদেশ—ক্ষান্তি ও প্রেম দ্বারা ক্রোধ ও বৈরীভাব, মঙ্গলের দ্বারা অমঙ্গল, নিঃস্বার্থতা দ্বারা স্বার্থ, সদ্ভাবহার দ্বারা দুর্ভাবহার এবং সত্য দ্বারা

মিথ্যা জয় করিবে ও সর্বপ্রকার বিরুদ্ধাবস্থায় অসীম ক্ষান্তি অবলম্বন করিবে। ক্ষান্তি-রূপ তিতিক্ষার অভ্যাসই পরম তপস্যা। দৃঢ়তার সহিত এই সকল শীলপালন করিয়া মনকে আপন বশে আনয়ন করিবে ও উহাকে কল্যাণ-কর্ষের দিকে চালিত করিবে।

৭। এই শীলগুলি সাধারণ নৈতিক নিয়ম মনে হইতে পারে ; কিন্তু ইহা ঠিক মত পালিত হইলে সাধকের মনের বল ক্রমেই বৃদ্ধি পাইবে এবং এই শীলপালন দ্বারা মনের সকল দোষ দূরীভূত করিলেই, আমাদের সদগুণাদিও দেবভাব উদ্ভূত হইবে। পশুভাব দূরীভূত হইলেই দেবভাব জাগ্রত হয়। তুমি যে শীল গ্রহণ করিবে তাহা স্বেচ্ছাপ্রবৃত্ত শীল হইবে। উহা যেন লোকাচার বা বিধিগণ্ডী হইয়া তোমাকে চাপিয়া না ধরে। লোকাচার বা লোকনিন্দার ভয়ে কিম্বা যশঃ বা অর্থলাভের জন্ম যেন তোমার শীলপালন বা পুণ্যকর্মাদি আচরিত না হয়, তাহা স্বেচ্ছায় আচরিত হওয়া চাই। তুমি যে মঙ্গল-কর্মাদির অনুষ্ঠান করিবে, তাহা বিমূঢ় বা অভ্যস্ত আচার হইলে চলিবে না। তাহা সম্যক্ জ্ঞানপূর্বক বা স্মবিবেচনাপূর্বক স্বপ্রবৃত্তিচালিত হইয়া স্বেচ্ছায় আচরিত হইবে। মনেক এইরূপ ভাবেই নির্মলতা ও পুণ্যে মগ্নিত করিতে হইবে, যে পুণ্য আচরণগুলি লোকাচার বা খ্যাতির জন্ম না হইয়া, নিজের নির্মল মনের স্বাধীন ইচ্ছাদ্বারা চালিত হইয়া সম্পাদিত হইবে। আলশের সহিত পুণ্যকর্ম করিলে, মনে পাপের সঞ্চার হইয়া থাকে। প্রাণহীন, শ্রদ্ধাহীন পুণ্য কর্মও তেমনি বুদ্ধদেব অকল্যাণকর মনে করিতেন। যতক্ষণ আমরা অনুরাগের সহিত পুণ্যকর্মাদি না করি, ততক্ষণ সেইগুলি আমাদের নিকট তাদৃশ কল্যাণকর ও সুখকর হয় না। এইজন্য পুণ্যকর্মাদি আমাদের পুনঃ পুনঃ শ্রদ্ধা পূর্বক করিতে হইবে ; তাহা হইলে পুণ্যানুষ্ঠানের প্রতি আমাদের হৃদয়ের স্বাভাবিক প্রবণতা জন্মিবে।

পুণ্যকর্মাদি আমাদের এইরূপ অভ্যাসের দ্বারা স্বাভাবিক ও সহজ করিয়া ফেলিতে হইবে। কর্তব্য-বোধ নহে, অগ্নের অনুরোধে নহে, লোক-নিন্দার ভয় বা লোকখ্যাতির নিমিত্ত নহে, নিজের মনের স্বাধীন ইচ্ছায় ও আনন্দে আমাদের পুণ্যকর্মাদি করিতে হইবে। পাখী যেমন আনন্দে গান গায়, ফুল যেমন সহজে ফুটিয়া উঠে, তেমনি আনন্দে, তেমনি সহজে আমরা আমাদের কল্যাণরতে নিযুক্ত রাখিব। অভ্যাসের দ্বারা ও স্বেচ্ছা দ্বারা পুণ্যানুষ্ঠানগুলি যখন অনায়াসসাধ্য ও সহজ হইয়া উঠে, তখনই সেইগুলি মঙ্গলকর হইয়া উঠে। এইরূপ যাবৎ পুণ্য কর্মগুলি পরিপক্বতা লাভ না করে (অর্থাৎ সহজ না হয়) তাবৎ সাধুব্যক্তি পুণ্যকর্মের মধ্যে অশুভ দর্শন করেন। পরিপক্ব বস্তু যেমন আমাদের রক্ত মাংসে পরিণত হইয়া, অঙ্গীভূত হইয়া, আমাদের শরীরের উন্নতি সাধন করে, অভ্যাসের দ্বারা পরিপক্ব পুণ্যাচরণও তেমনি সহজ ও আমাদের মনের অঙ্গীভূত হইয়া মনের প্রকৃত উন্নতি সাধন করে। মন যখন এইরূপ স্বাভাবিক পুণ্যপ্রভায় মগ্নিত হয়, তখনই আমাদের প্রত্যেক অনুষ্ঠান মঙ্গলকর হইয়া উঠে এবং আমাদের বাক্যে ও কার্যে তখন প্রকৃতভাবে নির্মলতা আসে। সাধু বৌদ্ধ কদাচ নিশ্চেষ্ট থাকিবেন না, সমগ্র মানবজাতির ও জীবের কল্যাণসাধনে আপনাকে তিনি নিরন্তর নিযুক্ত রাখিবেন ও সদা সার সত্যের সন্ধান করিবেন।

শাস্ত্রবিধি ও লোকাচার ভ্রান্ত বলিয়া বোধ হইলেও, তাহার নিকট আপনার হিতাহিত বিবেচনা, সঙ্কল্প ও যুক্তিকে বলিদান দেওয়া মানুষের একটা স্বাভাবিক দুর্বলতা হইয়া দাঁড়ায়। বুদ্ধদেবের সার্ব-ভৌমিক ও সরল যুক্তিপূর্ণ উপদেশ সেই স্বাভাবিক দুর্বলতা ও ভ্রান্তি দূর করিবার সহায়তা করিয়াছিল। ইহলোকে ও পরলোকে সুখসম্ভোগ-কামনায়, যাগ-যজ্ঞ, বাহ্য ক্রিয়াকাণ্ডকে বুদ্ধদেব সূদূর কর্তে একান্ত নিষ্ফল

বলিয়া ঘোষণা করিয়াছেন। ধর্মলাভের জন্য আন্তরিকতা ত্যাগ করিয়া বহিরাচার ও বাহু সকাম ক্রিয়াকাণ্ডাদি নিষ্ফল। ইন্দ্রিয়বিজয় ও চরিত্র সংশোধন করিয়া দয়া-দাক্ষিণ্য ও মৈত্রীমূলক কল্যাণব্রতসাধনকেই তিনি শ্রেয়োলাভের একমাত্র পন্থা বলিয়া নির্দেশ করিয়াছেন। সুপরিচালিত চিত্তদ্বারাই শ্রেয়োলাভ আশা করা যায়, সকাম বাহ্যাবস্থানের দ্বারা নহে। সচ্চিচার ত্যাগ করিয়া ধর্মলাভের জন্য যে বাহ্য আচার ও ছুঁৎমার্গ অবলম্বন করা হয়, তাহা অনেকটা নিষ্ফল ও তাহাতে অনেক সময়ে অহমিকাই বৃদ্ধি পায় দেখা যায়।

৫। সাধু বৌদ্ধ নিজের দেহ, বাক্য ও মনকে সংযত ও নির্মল করিবেন। অহমিকা, স্বার্থকামনা, বিদ্বেষাদি একেবারে মন হইতে অপসারিত করিবেন। প্রেমের দ্বারা ক্রোধ ও বিদ্বেষ, মঙ্গলের দ্বারা অমঙ্গল, নিঃস্বার্থতা দ্বারা স্বার্থ, সদ্ভাবহার দ্বারা দুর্ভাবহার ও সত্য দ্বারা মিথ্যাকে পরাজিত করিবেন। তিনি শত্রুকে ক্ষমা করিয়া তাহাকে প্রেমদান করিবেন, শত্রু অপেক্ষা বিপথগামী মনই মানবের অধিক অনিষ্টকারী জানিয়া তাহাকেই সংযত করিবেন ও বশে আনিবেন। তিনি সকল অস্থিরতা ও চঞ্চলতা ত্যাগ করিয়া সর্বাবস্থায় মনের স্থৈর্য্য, ধৈর্য্য ও প্রসন্নতা রক্ষা করিবেন—সর্ব বিকল্যাবস্থায় অবিচলিত এবং অসীম ক্ষান্তি ও অচাঞ্চল্য অবলম্বন করিবেন। বুদ্ধদেবের উপদেশ—মনকে সংযত করিবে, উহাকে ভোগৈশ্বর্য্য, ক্ষমতার অভিলাষ হইতে দূরে রাখিবে এবং সর্ববিধ-তৃষ্ণারহিত, অহংভাবশূন্য ও প্রশান্ত করিবে। যে ব্যক্তি মনকে বাধিবার সংযম-রশ্মি একেবারে উন্মোচন করিয়া দেয়, সে কখনও নির্বাণলাভ করিতে পারে না। সম্যক-পরিচালিত চিত্ত মানুষের যেরূপ শ্রেয়ঃ করিয়া থাকে, মাতাপিতা ও অন্য আত্মীয় তেমন পারে না। সুসংযত মনই কল্যাণ ও সুখ আনয়ন করে। সাধু বৌদ্ধ আপনার

চিত্তকে কদাচ অনাবৃত রাখিবেন না, মঙ্গলভাবনা (কল্যাণময় ভাবনা) দ্বারা তাহার চিত্তকে সর্বদা আচ্ছাদিত করিয়া রাখিবেন অর্থাৎ মনকে মৈত্রী, করুণা, মুদিতা প্রভৃতি ধ্যানের অবলম্বন দিয়া সদা নিযুক্ত রাখিবেন । মনকে উচ্চভাবে তন্ময় করিয়া রাখিবেন । যেমন সুন্দররূপে আচ্ছাদিত গৃহ ভেদ করিয়া বৃষ্টি প্রবেশ করিতে পারে না, সেইরূপ পবিত্র কল্যাণময় চিন্তাদ্বারা সুভাবিত চিত্ত ভেদ করিয়া, কুভাব, কুচিন্তা ও পাপাসক্তি প্রবেশ লাভ করিতে পারে না । সদা মনকে উচ্চভাবে তন্ময় ও নিযুক্ত রাখিতে পারিলেই, মন নিম্নগামী হয় না বা মনে কুভাব ও কুচিন্তাদি আসে না । তোমাদের বাক্যকে ও কার্যকে মনের নিম্নলতা দ্বারা আচ্ছন্ন করিতে হইবে । তোমরা পরিমিত পানাহার করিবে এবং সংযতভাবে দেহের যাবতীয় প্রয়োজন মিটাইবে । এমন কি জীবিকাও অসাধু হইলে চলিবে না । বুদ্ধদেব সম্যক অজীব অবলম্বন করিতে বলিয়াছেন ; অর্থাৎ নিজের জীবিকার্জনের পন্থাও শুদ্ধ বা সম্যক অর্থাৎ শ্রমসম্পন্ন পন্থা হওয়া চাই । পরকে ফাঁকি দিয়া বা পীড়ন করিয়া বা কায়দায় ফেলিয়া অর্থ লাভ করিলে চলিবে না । শুদ্ধান্নগ্রহণ ব্যতীত শুদ্ধজীবনলাভ হয় না । প্রজাপতি যেমন পুষ্প হইতে মধুটুকু মাত্র গ্রহণ করে, ফুলের শোভা ও দলগুলি বিনষ্ট করে না, তোমরাও তেমনি অগ্ৰকে পীড়িত বা বিনষ্ট না করিয়া আপনার জীবনযাত্রা নির্বাহ কর । (ইহা দ্বারা তিনি পরপীড়ন বর্জন, অল্পে সন্তোষ ও নির্লোভতা শিক্ষা দিতেছেন) ।

ধর্মপথে অগ্রসর হইতে হইলে, চারিটী আর্য্য-সত্য ভালরূপে উপলব্ধি করা চাই । ইন্দ্রিয়সংযম, শীলপালন ও চিত্তের সন্তোষ অভ্যাস তোমার কর্তব্য বলিয়া জানিবে । পাপের বিরুদ্ধে নিরন্তর সংগ্রাম করিবে ও সদা সৎপথে বিচরণ করিবে । আমি যে তোমাদিগকে ধ্যান সাধনা শিক্ষা দিয়াছি, তোমরা তাহা অভ্যাস করিবে । পবিত্রতা

লাভ দ্বারা তোমাদের অন্তশুদ্ধি প্রফুটিত হউক। শীলপালন ও অষ্টাঙ্গমার্গ অবলম্বন করিয়া পবিত্রতা ও নির্বাণ লাভ করিতে পারিবে।

৬। বুদ্ধের মতে সংজ্ঞের নিকট নিজ দোষ স্বীকার (confession) করিলে দোষ কতক পরিমাণে ক্ষালিত হয়। তবে অনুতপ্ত হইয়া দোষ স্বীকার করা চাই। বুদ্ধদেব বৌদ্ধ ভিক্ষুদের মধ্যে এইরূপ ভিক্ষু-সংজ্ঞের নিকট confession বা দোষ-স্বীকারের ব্যবস্থা করিয়াছিলেন।

বুদ্ধদেব পুরুষকার জাগাইয়া উদ্যমের সহিত সাধনার উপদেশ দিয়াছেন। তাঁহার উক্তি :—‘তোমার নিজেকেই উদ্যমের সহিত মঙ্গলাচরণ করিতে হইবে। তোমাকেই অষ্টাঙ্গ-মার্গ ধরিয়া চলিতে হইবে, তোমাকেই শীল পালন করিতে হইবে। তোমাকেই ধ্যান-পরায়ণ হইয়া মুক্তি লাভ করিতে হইবে। আমি কেবল পথের পরিচয় দিতে পারি মাত্র। তোমাকেই জাগ্রত হইতে হইবে; তুমি আলস্যপরায়ণ হইলে চলিবে না। তোমার চিত্তকে সম্যক সঙ্কল্প দ্বারা জাগাইয়া তোল; কারণ নির্বীৰ্য্য অলস ব্যক্তি জ্ঞানলাভ করিতে পারে না। মন, বাক্য ও কৰ্ম্ম শুদ্ধ কর। নিজেই চেষ্টা করিয়া পাপাভিলাষ হইতে তোমার চিত্তকে উদ্ধার কর। প্রবল জলপ্রবাহ যেমন সুপ্তগ্রাম ভাসাইয়া লইয়া যায়, পাপপ্রমত্ত ব্যক্তিকেও মৃত্যু তেমনি নিজ অধিকারে লইয়া যায়। হে নির্বাণকামী মানব, ধৰ্ম্মকে তোমার বিচরণের প্রমোদকানন কর; ধৰ্ম্মকে তোমার আনন্দক্ষেত্র কর; ধৰ্ম্মই তোমার প্রতিষ্ঠান হউক; ধৰ্ম্মই তোমার জ্ঞাতব্য বিষয় হউক। যাহাতে ধৰ্ম্ম গ্লান হইতে পারে, এরূপ আলোচনা, চিন্তা বা সঙ্গ বা কৰ্ম্ম করিবে না। সংসঙ্গে বা সুভাষিত সত্যালোচনায়, পবিত্র কল্যাণময় চিন্তায় ও কৰ্ম্মে তোমার সময় অতিবাহিত হউক। তুমি স্থিরধী, সুপণ্ডিত সাধুদের সঙ্গ কর; তাঁহারা তোমাকে ধৰ্ম্মপথ দেখাইয়া দিবেন। তোমরা আলস্য, জড়তা ও

স্বার্থবুদ্ধি পরিত্যাগ করিয়া জীব-কল্যাণার্থে ও ধর্মার্থে জাগ্রত হও ; তোমরা ধর্মলাভ ও নির্ঝাণ-লাভের জন্ত অনলস দৃঢ়তা অবলম্বন কর । সময়ের সদ্ব্যবহার কর ; শুভ মুহূর্ত্ত চলিয়া যাইতে দিও না । ত্বরায় বাসনাদি জয় করিয়া ধর্মপথে অগ্রসর হও । স্বেযোগ হারাইলে পরে তোমাদিগকে অনুতাপ করিতে হইবে । বুদ্ধদেব আনন্দকে বলিয়া-ছিলেন—“তোমরা আপনারাই আপনার প্রদীপ ও নির্ভরস্থল হও । অএ কাহারও উপর নির্ভর করিও না বা কাহারও প্রত্যাশা করিও না । ধর্মই প্রদীপ, আপনার সেই প্রদীপ দৃঢ়হস্তে ধারণ করিয়া, সত্যকে আশ্রয় করিয়া নির্ঝাণের সন্ধান কর ।” বুদ্ধদেবের শেষ কথা :—“সংযোগোৎপন্ন পদার্থ মাত্রেই ক্ষয় অবশ্যস্তুাবী । যাহা অবিদ্যায়, তাহারই সন্ধান কর । আপনার অবিচলিত অধাবসায় অবলম্বন করিয়া নির্ঝাণ-পদ লাভ কর ।”

৮ । বুদ্ধদেব সকল মলিনতা অপেক্ষা অবিদ্যাকে (বা অজ্ঞানতাকে) প্রধান বা অধিকতর মলিনতা বলিয়া নির্দেশ করিয়াছেন । এই অবিদ্যা কি ? অবিদ্যা মানে অজ্ঞানতা ; ও এই অবিদ্যা বা অজ্ঞানতা-প্রসূত প্রভাব সংস্কারাদিকেও কখন কখন অবিদ্যা বলা হয় । আমাদের স্বতন্ত্র আমিত্ব-বুদ্ধি ও মমত্ব-বুদ্ধি বা ‘আমি’ ‘আমার’ ভাবই অবিদ্যা-প্রসূত মোহ ও ভ্রান্ত সংস্কার । এই স্বতন্ত্র আমিত্ব-বুদ্ধি-রূপ ভ্রান্ত ধারণা হইতেই আমাদের আমিত্ব-তৃপ্তির বিবিধ তৃষ্ণা, স্বার্থপরতা, অহঙ্কার, ক্রোধ, ঘেঁষাদির উদ্ভব হয় । ইহাই আমাদের সকল সঙ্কীর্ণতা ও স্বার্থবুদ্ধির মূল কারণ ও ইহাই সকল তৃষ্ণা ও পাপাদির উৎস । আমাদের আমি-ভাব সামান্য মাত্র থাকিলেও, তাহা হইতেই স্বার্থ-কামনাদির উদ্ভব হইবেই । এই ‘আমি’ ‘আমার’ ভাবই প্রধান মোহ বা অবিদ্যাপ্রসূত ভ্রান্ত ধারণা, ইহা ‘প্রতীত্য সমুৎপাদ’ অধ্যায়ে বিশেষ

রূপে বলা হইয়াছে। ইহা পরিত্যাগ করিতে পারিলেই তৃষ্ণা ও ষড়রিপু প্রভৃতির লোপ হয় ও আমাদের পবিত্রতালভ ও নির্বাণ-মুক্তি-লাভ হয়। মানব এই অবিद्या ও অজ্ঞানতার বশে এই অহং-ভাবকেই চিরসত্য বলিয়া মনে করে। এই ভ্রান্ত-সংস্কার বশতঃ সাংসারিক লোকেরা এই আমিত্ব অহঙ্কারাদি বাড়াইবার জন্ত বড়ই ব্যস্ত হয়। সে যতই নিজেকে ফুলাইয়া ফাঁপাইয়া বড় করিয়া তুলে ও নিজেকে জাহির করিতে চেষ্টা করে, ততই নির্বাণের দিক হইতে (বা ভগবানের দিক হইতে) আরও দূরে চলিয়া যায়। এই আমিত্ব-বুদ্ধির ও তৃষ্ণার যত ত্যাগ হয়, ততই অন্তরের ব্রহ্মভাব ফুটিয়া উঠে ও ততই আমরা নির্বাণের দিকে অগ্রসর হই। এই আমিত্ব ও তৃষ্ণার একেবারে নির্বাণ হইলেই আমরা নির্বাণ-মুক্তি লাভ করি ও তখন বিশ্বপ্রাণীর সহিত সমপ্রাণতা-লাভ হয় ও আমরা তখন অন্তরের সার সত্য (বা পরমাত্মাকে) সম্যক উপলব্ধি করিতে পারি। “By rooting out our egoism and *trishna*, we can realise *Atman*, the Truth” (Swami *Turiananda*). কিন্তু এই আমিত্বের নির্বাণ করা বড়ই কঠিন। ভগবানের কার্যে বা জীবের মঙ্গলের জন্ত নিজেকে বলিদান দিতে পারিলে বা একেবারে উৎসর্গ বা নিবেদন করিতে পারিলে, (by unconditional surrender of our personality to God for His work of uplift and benefitting humanity), তবে আমরা আমাদের আমিত্বকে নির্বাণিত করিতে পারি। নচেৎ সহজে আমিত্বের নির্বাণ হয় না। বুদ্ধদেব আমিত্বের নির্বাণের জন্ত আমাদের নিজ ক্ষুদ্র সুখ দুঃখ, স্বার্থতৃষ্ণাদি একেবারে বিসর্জন দিয়া, নিজেকে জীবের কল্যাণের জন্ত একেবারে উৎসর্গ করিতে উপদেশ দিয়াছেন ও নিজ জীবনের দৃষ্টান্ত দ্বারা তিনি ইহা দেখাইয়া গিয়াছেন।

নিষ্ঠার সহিত সাধনা ও কল্যাণ-কর্মে একেবারে আত্মোৎসর্গ ভিন্ন এই আমিত্ব ও তৃষ্ণার সম্পূর্ণ নির্বাণ হয় না।

এই বিষয়ে বুদ্ধের উপদেশ, “হে মানব, তুমি সকল সংশয় ত্যাগ করিয়া সার সত্যানুসন্ধানে প্রবৃত্ত হও। ঐ সত্যের বীজ তোমার অন্তরে প্রচ্ছন্ন আছে। তোমার ক্ষুদ্র সত্তানুভূতি কি তোমাকে বিমল আনন্দ দান করিতে পারে? তুমি ক্ষুদ্রতা ত্যাগ করিয়া বিরাট্কে গ্রহণ কর। * * * ক্ষুদ্র স্বার্থ ত্যাগ করিয়া পরার্থে জাগ্রত হও। নিজের ক্ষুদ্র সুখ দুঃখ পরিত্যাগ করিয়া, স্বার্থকামনাদি একেবারে বিসর্জন দিয়া, তাহাদের নির্বাণ করিয়া পরার্থে আত্মোৎসর্গ কর। ক্ষুদ্র স্বার্থের ও সুখদুঃখের বন্ধন ছিন্ন করিতে পারিলেই তুমি সত্যের বিমল জ্যোতিঃ সাক্ষাৎকার করিতে সমর্থ হইবে। তখন দেগিতে পাইবে, তুমি যে কল্যাণ লাভ করিয়াছ, তাহা কত গভীর, কত পরিপূর্ণ, কত অনন্ত-প্রসারী! হে ধর্ম্মার্থিন্! তুমি তোমার প্রীতিকে বাধাহীন ও সীমাহীন করিয়া সর্ব্বজীবে সর্ব্বদেশে প্রসারিত কর। তুমি ইহ-জীবনেই স্বীয় ক্ষুদ্র ব্যক্তিত্বের গণ্ডী পরিত্যাগ করিয়া এই বিরাট সত্তা অনুভব করিতে পার।” স্বীয় ক্ষুদ্র সত্তার সম্পূর্ণ বিসর্জন এবং বিরাট সত্তার মধ্যে অবস্থানই বুদ্ধ জীবনের শ্রেষ্ঠ পরিণতি। কিন্তু নির্বাণ-মুক্তি না হইলে এ অবস্থান লাভ হয় না। বুদ্ধদেবের নির্বাণের মর্ম্ম একদিকে আমিত্ব ও যাবতীয় তৃষ্ণাদির বিসর্জন বা নির্বাণ, অন্যদিকে নিজের প্রীতি, মৈত্রী ও করুণা সর্ব্বজীবের প্রতি প্রসারিত করা, ব্যক্তি-গত জীবন ত্যাগ করিয়া, বিশ্বপ্রেমে জাগ্রত হইয়া স্বীয় জীবনকে বিশ্ব-জীবনের সহিত একীভূত করা—নিজেকে বিশ্বমানব-রূপে পরিণত করা।

এই তৃষ্ণা কিরূপে যায়? বুদ্ধদেবের মতে, কল্পনা ত্যাগ করিয়া সম্যক্ দৃষ্টি ও বিচারের দ্বারা বিষয়-রূপের অনিত্যতা, মানবশরীরের অনিত্যতা,

